

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
মন্ত্রিপরিষদ বিভাগ  
কর্মসম্পাদন ব্যবস্থাপনা (নীতি ও সমন্বয়) শাখা  
[www.cabinet.gov.bd](http://www.cabinet.gov.bd)

স্মারক নম্বর: ০৪.০০.০০০০.৮২৫.০৬.০০১.১৯.৪৩


তারিখ: ০২ অগ্রহায়ণ ১৪২৬  
১৭ নভেম্বর ২০১৯

বিষয়: মন্ত্রণালয়/বিভাগের এপিএ সংক্রান্ত বিশেষজ্ঞ-পুল পুনর্গঠন।

সরকারি কর্মসম্পাদন ব্যবস্থাপনা পদ্ধতিকে অধিকতর ফলপ্রসূ করার নিমিত্ত প্রতিটি মন্ত্রণালয়/বিভাগে এপিএ বিষয়ে অভিজ্ঞতাসম্পন্ন অবসরপ্রাপ্ত কর্মকর্তাদের নিয়ে বিশেষ করে সংশ্লিষ্ট মন্ত্রণালয়/বিভাগের অবসরপ্রাপ্ত সচিব বা দপ্তর/সংস্থার প্রধানকে অন্তর্ভুক্ত করে সর্বোচ্চ ৩ (তিন) সদস্যবিশিষ্ট বিশেষজ্ঞ-পুল গঠনের জন্য ইতঃপূর্বে মন্ত্রিপরিষদ বিভাগের ২১ এপ্রিল ২০১৬ তারিখের ০৪.০০.০০০০.৮২১.২৯.০৪৯.১৫.২৮১ নম্বর স্মারক পত্র জারি করা হয়।

২। মন্ত্রিপরিষদ সচিব মহোদয়ের সভাপতিত্বে অনুষ্ঠিত সরকারি কর্মসম্পাদন ব্যবস্থাপনা সংক্রান্ত জাতীয় কমিটির ২১তম সভায় গৃহীত সিদ্ধান্ত অনুযায়ী এখন থেকে মন্ত্রণালয়/বিভাগের ৩ (তিন) সদস্যবিশিষ্ট এপিএ সংক্রান্ত বিশেষজ্ঞ-পুলে অবসরপ্রাপ্ত সচিবের পাশাপাশি মন্ত্রণালয়/বিভাগের এপিএ বিষয়ে অভিজ্ঞ অবসরপ্রাপ্ত অতিরিক্ত সচিব পদমর্যাদার কর্মকর্তাগণকেও অন্তর্ভুক্ত করা যাবে।

৩। এমতাবস্থায়, সরকারি কর্মসম্পাদন ব্যবস্থাপনা সংক্রান্ত জাতীয় কমিটির ২১তম সভায় গৃহীত সিদ্ধান্ত অনুযায়ী প্রয়োজনে মন্ত্রণালয়/বিভাগের এপিএ সংক্রান্ত বিশেষজ্ঞ-পুল পুনর্গঠনের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হল।

  
(মুহাম্মাদ সাইফুল ইসলাম)  
সিনিয়র সহকারী সচিব  
ফোন নম্বর: ৪১০৫০১১১

ই-মেইল: [pmpc\\_sec@cabinet.gov.bd](mailto:pmpc_sec@cabinet.gov.bd)

সিনিয়র সচিব/সচিব (সকল)


.....

স্মারক নম্বর: ০৪.০০.০০০০.৮২৫.০৬.০০১.১৯.৪৩

তারিখ: ০২ অগ্রহায়ণ ১৪২৬  
১৭ নভেম্বর ২০১৯

অনুলিপি (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

- ১। মন্ত্রিপরিষদ সচিবের একান্ত সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ— মন্ত্রিপরিষদ সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য
- ২। সচিব, সমন্বয় ও সংস্কারের একান্ত সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ— সচিব, সমন্বয় ও সংস্কার মহোদয়ের সদয় অবগতির জন্য
- ৩। প্রোগ্রামার, মন্ত্রিপরিষদ বিভাগ— পত্রটি মন্ত্রিপরিষদ বিভাগের ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ

  
(মুহাম্মাদ সাইফুল ইসলাম)  
সিনিয়র সহকারী সচিব